**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৩৭/২০১৭**

**ঢাকা, রোববার ১৯ ফেব্রুয়ারি ২০১৭, ৭ ফাল্গুন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা শরণার্থীদের পুনর্বাসনে আন্তর্জাতিক সহযোগিতা কামনা
: জার্মান চ্যান্সেলরের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক

২। জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সম্মিলিত পদক্ষেপ নিতে হবে : প্রধানমন্ত্রী

৩। মুন্সীগঞ্জের গজারিয়ায় ওষুধ শিল্প পার্কে কারখানা স্থানান্তরের আহ্বান স্বাস্থ্যমন্ত্রীর

৪। সাবেক পুলিশ সুপার বাবুল আক্তারের বিরুদ্ধে অভিযোগ পেলে গ্রেফতার : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। এসডিজি অর্জনে যথাযথ তহবিল প্রাপ্তি ও ব্যবহার নিশ্চিত করতে হবে : স্পিকার

৬। শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে হবে : শিক্ষামন্ত্রী

৭। গণমাধ্যম ও গণতন্ত্র একই হাতের এপিঠ ওপিঠ : তথ্যমন্ত্রী

৮। অর্থনৈতিক অঞ্চলে নিরবচ্ছিন্ন গ্যাস ও বিদ্যুৎ দেওয়া হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৯। মহান একুশে ফেব্রুয়ারি উদযাপন উপলক্ষে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ

১০। মালয়েশিয়ায় ই-কার্ডের মাধ্যমে দুই লাখ বাংলাদেশি বৈধতা পাবেন

চলমান পাতা-২

**১। রোহিঙ্গা শরণার্থীদের পুনর্বাসনে আন্তর্জাতিক সহযোগিতা কামনা**
**: জার্মান চ্যান্সেলরের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে একটি সুস্থ ও নিরাপদ পরিবেশে মিয়ানমারের শরণার্থীদের অস্থায়ী পুনর্বাসনে আন্তর্জাতিক সম্প্রদায়কে সহযোগিতার আহ্বান জানিয়েছেন। গতকাল **১৮** ফেব্রুয়ারি শনিবার হোটেল ব্যারিসার হফ-এ ৫৩তম নিরাপত্তা সম্মেলনের সাইডলাইনে জার্মানির চ্যান্সেলর অ্যাঞ্জেলা মারকেলের সঙ্গে এক মধ্যাহ্ন ভোজসভায় তিনি এই আহ্বান জানিয়ে বলেন, বাংলাদেশ মিয়ানমারের শরণার্থীদের পুনর্বাসনের বিষয়টি মানবিক দৃষ্টিকোণ থেকে দেখছে, কিন্তু পর্যটন শহর কক্সবাজারে তাদের অবস্থান ও কর্মকাণ্ডের কারণে সেখানকার পরিবেশ, প্রাকৃতিক সৌন্দর্য, স্যানিটেশন ব্যবস্থার বিপর্যয় ঘটছে, যা তাদেরও অমানবিক জীবনযাপনে বাধ্য করছে। তাই বাংলাদেশ সরকার তাদের একটি উন্মুক্ত, স্বাস্থ্যকর এবং নাগরিক সুবিধা সম্বলিত স্থানে সরিয়ে নিতে চায়। এ জন্য জার্মানি এবং অন্যান্য আন্তর্জাতিক সম্প্রদায়ের সহযোগিতা কামনা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বলেন, প্রায় ঘন্টাকালব্যাপী এই দ্বিপাক্ষিক বৈঠকে নেতৃবৃন্দ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়াবলী, ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণের মাধ্যমে দুই দেশের সম্পর্ক জোরদার, উন্নয়ন, শরণার্থী সমস্যাসহ নানা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। প্রধানমন্ত্রী জার্মান চ্যান্সেলরকে বাংলাদেশের সাম্প্রতিক আর্থসামাজিক উন্নয়ন বিষয়ে অবহিত করেন। বৈঠকের পর দেশে বিদ্যমান মেশিন রিডেবল পাসপোর্ট সিস্টেমের আরো আধুনিকায়নে দুই দেশের মধ্যে একটি সমঝোতা স্মারক এবং দুই দেশের মধ্যে সন্ত্রাস প্রতিরোধের লক্ষ্যে একটি যৌথ ঘোষণা স্বাক্ষরিত হয়।

জার্মানির চ্যান্সেলর বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে সন্তুষ্টি প্রকাশ করে দুই দেশের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে বিদ্যমান চমৎকার সম্পর্ক আগামী দিনগুলোতে আরো দৃঢ় হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। দুই দেশের মধ্যে স্বাক্ষরিত এদিনের সমঝোতা স্মারকের আওতায় জার্মানি বাংলাদেশকে প্রায় ৫০ লাখ ই-পাসপোর্ট সরবরাহ করবে এবং 'জেডিআই' অনুযায়ী উগ্র চরমপন্থার বিরুদ্ধে উভয় দেশ একযোগে উদ্যোগ গ্রহণ করবে এবং সন্ত্রাস দমনের বিষয়ে দ্বিপাক্ষিক রাজনৈতিক বিনিময় করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **প্রথম আলো** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭)। **বাংলাদেশ টুডে, অবজারভার, ডেইলি সান, ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**সংবাদ, ইত্তেফাক, প্রথম আলো, সমকাল, ভোরের কাগজ, যুগান্তর, জনকণ্ঠ, ইনকিলাব, বাংলাদেশ টুডে, ফিনানশিয়াল এক্সপ্রেস, ডেইলি সান, নিউজ টুডে, ডেইলি স্টার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সম্মিলিত পদক্ষেপ নিতে হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পানির জন্য একটি বৈশ্বিক তহবিল গঠনের ব্যাপারে বিশ্বনেতাদের প্রতি তার আহ্বান পুর্নব্যক্ত করে বলেছেন, জলবায়ু পরিবর্তন ইস্যু মোকাবিলায় অবশ্যই সম্মিলিত কার্যকর ও সংগতিপূর্ণ পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি গতকাল **১৮** ফেব্রুয়ারি শনিবার জার্মানির মিউনিখে 'ক্লাইমেট সিকিউরিটি: গুড কপ, ব্যাড কপস' শীর্ষক এক প্যানেল আলোচনায় এই আহ্বান জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, জলবায়ু পরিবর্তন একটি বৈশ্বিক ইস্যু এবং এর সমাধান অবশ্যই বৈশ্বিকভাবে হতে হবে। এ জন্য প্রয়োজন সম্মিলিত এবং কার্যকর পদক্ষেপ।

প্রধানমন্ত্রী তার ভাষণে জলবায়ু পরির্তনের প্রধান তিনটি উপাদান তুলে ধরেন। খাদ্য নিরাপত্তাকে প্রধান উপাদান হিসেবে চিহ্নিত করে তিনি বলেন, আমাদের জলবায়ু পরিবর্তন সহিষ্ণু চাষাবাদব্যবস্থা গড়ে তোলা প্রয়োজন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা পানি নিরাপত্তাকে দ্বিতীয় উপাদান হিসেবে তুলে ধরেন। তিনি বলেন, জলবায়ু পরিবর্তন এবং অনান্য কারণে জীবন-জীবিকার জন্য বিশুদ্ধ ও নিরাপদ পানির সংকট তীব্র হয়ে উঠেছে। জলবায়ু পরিবর্তনজনিত অভিবাসনকে তৃতীয় উপাদান হিসেবে তুলে ধরেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী আরো বলেন, বাংলাদেশ উন্নয়ন কার্যক্রমে কার্বন নিঃসরণ নিম্নমাত্রায় নিয়ে আসার লক্ষ্য অর্জনে সম্ভাব্য সব ব্যবস্থা গ্রহণ করেছে। সরকার নিজস্ব অর্থায়নে ৪০০ মিলিয়ন ডলারের জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড গঠন করেছে। প্রধানমন্ত্রী প্রায় ৯০০ কিলোমিটার কোস্টাল গ্রিন বেল্ট প্রকল্প গ্রহণ এবং প্রায় ৪৫ লাখ বাড়িতে সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন করার কথা উল্লেখ করেন। সূত্র-

**প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

**৩। মুন্সীগঞ্জের গজারিয়ায় ওষুধ শিল্প পার্কে কারখানা স্থানান্তরের আহ্বান স্বাস্থ্যমন্ত্রীর**

মুন্সীগঞ্জের গজারিয়ায় ওষুধ শিল্প পার্কে কারখানা স্থানান্তরে ওষুধ কোম্পানিগুলোর প্রতি আহ্বান



জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ১৮ ফেব্রুয়ারি শনিবার ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী সেন্টারে স্যামসন এইচ চৌধুরী স্মৃতি সম্মেলন-২০১৭ উপলক্ষে দিনব্যাপী সম্মেলনের সমাপনী অধিবেশনে তিনি এ আহ্বান জানান। স্বাস্থ্যমন্ত্রী বলেন, ওষুধ কোম্পানির জন্য পরিবেশবান্ধব ওষুধ শিল্প পার্ক স্থাপন করা হয়েছে। বিচ্ছিন্নভাবে ওষুধ কারখানা স্থাপন না করে এই পার্কে আপনারা উৎপাদন কারখানা স্থানান্তর করুন। সরকার আপনাদের সহায়তা করবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সব সময় বেসরকারি বিনিয়োগকে উৎসাহিত করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৪। সাবেক পুলিশ সুপার বাবুল আক্তারের বিরুদ্ধে অভিযোগ পেলে গ্রেফতার : স্বরাষ্ট্রমন্ত্রী**

সাবেক পুলিশ সুপার বাবুল আক্তারের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ থাকলে অবশ্যই তাকে গ্রেফতার করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। গতকাল ১৮ ফেব্রুয়ারি শনিবার রাজধানীর তেজগাঁও আদর্শ স্কুল অ্যান্ড কলেজের বার্ষিক পুরস্কার বিতরণী-২০১৭ অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাবুল আক্তারের বিরুদ্ধে যদি সুনির্দিষ্ট অভিযোগ থাকে তাহলে অবশ্যই আইন মোতাবেক তার বিরুদ্ধে কাজ করবে প্রশাসন। আইন সবার জন্যই সমান। কেউ আইনের উর্ধ্বে নয়। সূত্র-**সংবাদ** (শেষ.পৃ,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১)।

**৫। স্পিকার এসডিজি অর্জনে যথাযথ তহবিল প্রাপ্তি ও ব্যবহার নিশ্চিত করতে হবে : স্পিকার**

সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) একটি বৈশ্বিক বিষয়। এর বাস্তবায়নের জন্য বিশ্ব তহবিল ও প্রত্যেকটি দেশের নিজস্ব তহবিল প্রয়োজন। আগামী ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে এই দু'ধরনের তহবিলের যথাযথ প্রাপ্তি ও ব্যবহার নিশ্চিত করতে হবে। গতকাল ১৮ ফেব্রুয়ারি শনিবার ভারতের ইন্দোরে ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন (আইপিইউ) ও ভারতের লোকসভার যৌথ উদ্যোগে অনুষ্ঠিত দক্ষিণ এশিয়ার স্পিকার্স সম্মেলন-২০১৭ এর 'টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জন' শীর্ষক প্লেনারি সেশনের বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ.পৃ, ক. ৪), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **অবজারভার** (পৃ.১০,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৬। শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশের নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তুলতে হবে। সঠিক শিক্ষার মাধ্যমে তাদের পরিপূর্ণ মানুষ বানাতে হবে। আর এজন্য শিক্ষার গুণগত মান নিশ্চিত করা দরকার। শিক্ষার গুণগত মানের নিশ্চয়তা শিক্ষকরাই দিতে পারেন। গতকাল ১৮ ফেব্রুয়ারি শনিবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি) মিলনায়তনে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির (বাকশিস) জাতীয় সম্মেলন-২০১৭ তে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ. ৫ ক. ২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭)।

**৭। গণমাধ্যম ও গণতন্ত্র একই হাতের এপিঠ ওপিঠ : তথ্যমন্ত্রী**

গণমাধ্যম ও গণতন্ত্র একই হাতের এপিঠ ওপিঠ মন্তব্য করে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, গণমাধ্যম ও সরকার একসাথে জঙ্গিবাদ, সাম্প্রদায়িকতা ও যুদ্ধাপরাধী চক্রের বিরুদ্ধে লড়াই চালাচ্ছে। আমরা জয়ী হয়েছি, তারা কোণঠাসা হয়ে পড়েছে। এ লড়াই এখনো চলছে বলেও জানান তথ্যমন্ত্রী। গতকাল ১৮ ফেব্রুয়ারি শনিবার ঝালকাঠি প্রেসক্লাবে সুবর্ণজয়ন্তী উৎসবের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৬,ক.৪)।

**৮। অর্থনৈতিক অঞ্চলে নিরবচ্ছিন্ন গ্যাস ও বিদ্যুৎ দেওয়া হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

অর্থনৈতিক অঞ্চল এবং শিল্পনগরীতে শিল্প স্থাপন করলে নিরবচ্ছিন্ন গ্যাস ও বিদ্যুৎ দেওয়া হবে বলে

জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। তিনি বলেন, দেশে শিল্পায়ন হলেও তা পরিকল্পিতভাবে হয়নি। কৃষিজমি ও বনের বিভিন্ন স্থানে কারখানা হচ্ছে। যত্রতত্র শিল্প করলে গ্যাস ও বিদ্যুৎ দেওয়া সম্ভব হবে না। গতকাল ১৮ ফেব্রুয়ারি শনিবার ১২তম আন্তর্জাতিক প্লাস্টিক মেলার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫)।

**৯। মহান একুশে ফেব্রুয়ারি উদযাপন উপলক্ষে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ**

মহান একুশে ফেব্রুয়ারি উপলক্ষে কেন্দ্রীয় শহিদ মিনারসহ আশপাশ এলাকায় কঠোর নিরাপত্তা বলয় গড়ে তোলার প্রস্তুতি নেওয়া হয়েছে। পোশাকে ও সাদা পোশাকে বাড়তি ফোর্স মোতায়েনের ব্যাপক প্রস্তুতি



নেওয়া হয়েছে। ইতোমধ্যে বইমেলার পাশপাশি কেন্দ্রীয় শহীদ মিনার ও আশপাশে পুলিশ টহল বাড়ানো হয়েছে। চলছে গোয়েন্দা নজরদারিও। এছাড়াও মহান একুশে ফেব্রুয়ারি উপলক্ষে শহিদ মিনারে যাতায়াতের রুটম্যাপ চূড়ান্ত করা হয়েছে। আগামীকাল ২০ ফেব্রুয়ারি থেকে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। সূত্র-**সংবাদ** (শেষ.পৃ,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৩), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**১০। মালয়েশিয়ায় ই-কার্ডের মাধ্যমে দুই লাখ বাংলাদেশি বৈধতা পাবেন**

মালয়েশিয়ায় চলমান রি-হায়ারিং কর্মসূচির আওতায় দুই লাখের বেশি অবৈধ বাংলাদেশি কর্মী বৈধতা পেতে পারেন। বৈধতা পেতে আগামী ৩০ জুনের মধ্যে অস্থায়ী পাস (ই-কার্ড) গ্রহণ করতে হবে। গত ১৫ ফেব্রুয়ায়ি বুধবার এ কার্যক্রম শুরু হয়েছে। মালয়েশিয়ায় বসবাসকারী বৈধ কাগজপত্রহীন সকল বিদেশি শ্রমিককে বৈধতার আওতায় আনতে এ কর্মসূচি নেওয়া হয়েছে। বাংলাদেশের প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জাবেদ আহমেদ জানান, গত ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত ১ লাখ ৮৮ হাজার বাংলাদেশি কর্মী ই-কার্ডের জন্য আবেদন করেছেন। ই-কার্ড পেলে তারা আগামী বছরের ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত বৈধভাবে মালয়েশিয়ায় কাজ করার সুযোগ পাবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ, প্রথম আলো:** রাজধানীর ১ হাজার ১২৬টি বিপণিবিতানের মধ্যে ৯৬% বিপণিবিতানই ঝুঁকিপূর্ণ থাকার পরিপ্রেক্ষিতে এসব প্রতিষ্ঠানে অগ্নিনির্বাপণ ব্যবস্থা নিশ্চিত করার সুপারিশ।

খ. **জনকণ্ঠ :** রাজধানীতে প্রায় সাড়ে ৫০০ জনের জন্য মাত্র ১ জন পুলিশ থাকায় বিপুল জনগোষ্ঠীর নিরাপত্তায় পুলিশের জনবল বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো, সংবাদ :** চট্টগ্রামে দুটি ট্রাইব্যুনালে বিচারক না থাকায় নয় হাজারেরও বেশি মামলা ঝুলে থাকায় মানুষের ভোগান্তি দূরীকরণে এ ব্যাপারে সুপ্রিম কোর্টের দেওয়া পরামর্শ কার্যকর করার সুপারিশ।

ঘ. **সমকাল :** মোবাইল ফোনের মাধ্যমে ১ কোটি ৩০ লাখ শিশুর মায়েদের হাতে প্রাথমিক বিদ্যালয়ের উপবৃত্তির টাকা পৌঁছে দেওয়ার সরকারি সিদ্ধান্ত প্রাথমিক শিক্ষায় বিরাট পদক্ষেপ বলে অভিমত।

ঙ. **যুগান্তর :** রাজধানীর গণপরিবহণের ২৮টি রুটে মাসে প্রায় ১২ কোটি টাকার চাঁদাবাজি হওয়ায় সরকার তথা সংশ্লিষ্ট সবাইকে চাঁদাবাজির নৈরাজ্য বন্ধ করে এ খাতের শৃঙ্খলা ফিরিয়ে আনার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশ, ভুটান, ইন্ডিয়া, ও নেপাল (বিবিআইএন) এর মধ্যে মোটর ভিহিকেল এগ্রিমেন্ট দ্রুত কার্যকর করতে প্রয়োজনীয় উদ্যোগ নিতে দেশগুলোর প্রতি আহ্বান।

ছ. **ডেইলি সান :** ভুয়া আইন শৃঙ্খলা বাহিনীর সদস্যদের কর্মকান্ড প্রতিরোধে দ্রুত আইনি পদক্ষেপ জোরদার করার ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি স্টার :** সারা দেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪৫ হাজার শিক্ষকের পদ শূণ্য থাকায় অনতিবিলম্বে এসব পদে যোগ্যলোক নিয়োগের সুপারিশ

ঝ. **নিউজ টুডে :** মালয়েশিয়ায় কর্মী পাঠতে কিছু রিক্রুটিং এজেন্সি সরকারি নির্দেশনা অমান্য করে শ্রমিকদের কাছ থেকে ৩ থেকে ৪ লাখ টাকা আদায় করছে উল্লেখ করে এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঞ. **নিউ এজ, ইনকিলাব :** রাজধানী থেকে পুরনো ও আনফিট গাড়ি সরিয়ে দিয়ে নতুন ও ফিট গাড়ি নামিয়ে

গণপরিবহণ ব্যবস্থাকে উন্নত করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে ।

## উপ-সম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশের সংবিধানের **৩** ধারায় প্রজাতন্ত্রের একমাত্র রাষ্ট্রভাষা বাংলা থাকলেও বাস্তবে সর্বত্র রাষ্ট্রের ভাষা বাংলা নেই। দিনে দিনে ডিজিটাল হতে হতে বাংলা বিলুপ্ত হচ্ছে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সবার জন্য শিক্ষার সুযোগ সরকারের অবদান'** শিরোনামের নিবন্ধে আবু সালেহ মোহাম্মদ মুসা সবাইকে শিক্ষিত করতে যার যার অবস্থান থেকে বিশেষভাবে অবদান রাখলে উন্নয়নের পাশাপাশি দেশ এগিয়ে যাবে, উন্নত জাতি হিসেবে বাংলাদেশও বিশ্বের বুকে মাথা উচু করে দাঁড়াতে পারবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা